

২৬/৮/২০০০

দৈনিক ইতিহাস

তারিখ
সংখ্যা ১২

দীর্ঘ এক দশকেও কুমিল্লা মেডিক্যাল কলেজ পূর্ণাঙ্গ রূপ লাভ করে নাই

কুমিল্লা (দঃ) সংবাদদাতা ॥ দীর্ঘ এক দশকেও কুমিল্লা মেডিক্যাল কলেজ পূর্ণাঙ্গ রূপ লাভ করে নাই, কলেজের একাডেমিক ভবন নাই, ছাত্রাবাস নাই এবং নিয়মিত ক্লাস হয় না বলিয়াও অভিযোগ রহিয়াছে। ১৯৯২ সালে স্থানীয় একটি প্রতিষ্ঠানের ভবনে কলেজ শুরু হইলেও আজ পর্যন্ত কলেজের নিজস্ব ভবন নির্মাণ করা হয় নাই। বিভিন্ন সময়ে ভবন নির্মাণের অঙ্গীকার করা হইলেও আজ পর্যন্ত অঙ্গীকার কার্যকর হয় নাই। কলেজ ও হাসপাতাল মিলিয়া জমির পরিমাণ ২৫ একর। ১০ একর জমি ছকম-দখলের কথা থাকিলেও আজ পর্যন্ত তাহা কার্যকর হয় নাই। ইতিমধ্যে তিনটি ব্যাচ পাস করিয়া ডাক্তার হইয়া বাহির হইয়াছে। তৃতীয় ব্যাচের একজন ছাত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ নম্বর পাইয়া সার্জারিতে অনার্স লাভ করিয়াছে। এই বৎসর হইতে ১০ম ব্যাচ শুরু হইয়াছে। এই ব্যাচের ৫৪ জনের মধ্যে ৩৫ জনই ছাত্রী। বর্তমানে বিভিন্ন বর্ষে ১৮৯ জন ছাত্রী আছে। দুইটি ডাক্তারের বাসাসহ আবাসিক ব্যবস্থায় কোনরকমে একশতজন ছাত্রী অবস্থান করিতে পারে। আঙ্গিনায়ও নিরাপত্তা ব্যবস্থা নাই। বাকী ৮৯ জন ছাত্রীকে ইচ্ছিত ও জীবনের ঝুঁকি নিয়া নিজ দায়িত্বে ক্যাম্পাসের বাহিরে অবস্থান করিতে

হয়। ১৫২ জন ছাত্রের প্রত্যেককেই নিজ দায়িত্বে আবাসিক ব্যবস্থা করিতে হয়।

বিভিন্ন সময় শিক্ষার্থীদের সন্ত্রাসী শিকার হইতে হয় বলিয়া জানা যায়। শিক্ষার্থীদের স্বাভাবিক পড়া শুনার কোন ব্যবস্থা নাই। প্রয়োজনীয় লাইব্রেরী নাই, খেলাধলা চিত্ত বিনোদন ইত্যাদি কিছুই ব্যবস্থা নাই। ক্যান্টিনও নাই। শিক্ষা দানের ব্যবস্থাও করুণ। এইখানে পূর্ণাঙ্গ অধ্যাপক নাই। অধ্যক্ষও চলতি দায়িত্ব প্রাপ্ত অধ্যাপক বলিয়া জানা যায়। বিভিন্ন সীমাবদ্ধতার মধ্যে অন্য শিক্ষা চলিলেও মেডিক্যাল শিক্ষা চলে না বলিয়া অভিজ্ঞ মহল অভি-মত প্রকাশ করিয়াছেন। প্রয়োজনীয় সংখ্যক প্রভাষক নাকি আছেন। কিন্তু তাহাদের বেশীর ভাগই নাকি চাকা বা অন্যত্র অবস্থান করেন এবং নিয়মিত ক্লাস নেন না বলিয়া অভিযোগ রহিয়াছে। প্রয়োজনীয় ভবন নির্মাণ, ছাত্র-ছাত্রীদের নিরাপদ বাসস্থান, শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি, শ্রেণী শিক্ষাদানের নিশ্চয়তাসহ সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কুমিল্লা মেডিক্যাল কলেজকে পূর্ণাঙ্গ রূপদানের জন্য শিক্ষার্থী অভিভাবক ও কুমিল্লার সম-তন নাগরিকগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিকট দাবী জানাইয়াছেন।